

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর ইনোভেশন টিমের ০৫।১১।১৫ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

বিগত ০৫।১১।২০১৫ তারিখে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর ইনোভেশন টিমের সভা ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্বে করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মোঃ গোলাম মোস্তফা। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" তে দৃষ্টব্য।

২। উপস্থাপনাঃ


সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। আলোচনাঃ আলোচকগণ এসএফডিএফ আইসিটি কার্যক্রম নিয়ে ব্যাপক আলোচনা করেন। সভায় সভাপতি মহোদয়ের পরামর্শ অনুযায়ী গত ২৭।১০।২০১৫ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীটি ইনোভেশন টিমের সদস্য জনাব আল মামুন মুহম্মদ মাহফুজুর রহমান পাঠ করে শুনান। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ নিয়ে বিষদ আলোচনা হয়। প্রতিটি সিদ্ধান্তের উপর টিমের সদস্যগণ নিজ নিজ মতামত ব্যক্ত করেন। ফাউন্ডেশনের আইসিটি এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ বিষয়ের করণীয় দিক নিয়ে পর্যালোচনা করা হয়। সকলের আলোচনা পরে যে সকল অগ্রগতি সাধিত হয় এবং সিদ্ধান্ত গৃহিত হয় তা নিম্নরূপ।

সিদ্ধান্তঃ

- ০১। প্রধান কার্যালয় হতে একটি অফিস আদেশের মাধ্যমে ইউনিকোড ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তদপেক্ষিতে প্রধান কার্যালয়ে ইউনিকোড ব্যবহার শতভাগ নিশ্চিত করা হয়েছে। জেলা ও উপজেলা কার্যালয়ে জানুয়ারি, ২০১৬-এর মধ্যে ইউনিকোড শতভাগ নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থাপক (আইসিটি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তিনি প্রধান কার্যালয়ের মনিটরিং কর্মকর্তাদের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করবেন।
- ০২। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ বিষয়-এর উপর আলোচনা ও করণীয় নির্ধারণ করা হয়। প্রতি তিন মাস অন্তর নিয়মিত রিপোর্ট প্রেরণ করার সিদ্ধান্ত নেয়া হয়।
- ০৩। প্রধান কার্যালয়ের আইসিটি জনবল নিয়োগ কাঠামো অনুযায়ী নিয়োগ প্রক্রিয়াধীন আছে।
- ০৪। ইতিপূর্বে প্রধান কার্যালয়ে ডিজিটাল নথি চালুর বিষয়টি সংস্থার প্রধান কার্যালয় ও মাঠ কার্যালয়-এ ব্যবস্থা কার্যকর করা হয়েছে।
- ০৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ডাটা সেন্টার, কানেস্টাভিটি ও আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রম সমন্বয় সংক্রান্ত সভার কার্য-বিবরণীতে সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন করা হবে।
- ০৬। প্রশিক্ষণের ব্যাপারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইসিটি শাখা থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য একটি পত্র প্রদান করতে হবে।
- ০৭। ইনোভেশন টিমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি মাসে একবার ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে সভা করে কার্য-বিবরণী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইসিটি শাখা বরাবর প্রেরণ করা হবে। তিন মাসের মধ্যে একটি সভাতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একজন ইনোভেশন কর্মকর্তা উপস্থিত থেকে ইনোভেশন টিমের কার্যক্রম বাস্তবে পরিবীক্ষণ করার লক্ষ্যে বিগত ০৬।১০।২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রোগ্রামার জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী উপস্থিত ছিলেন। পরবর্তীতেও এ ব্যবস্থা অব্যাহত রাখা হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ গোলাম মোস্তফা

মহাব্যবস্থাপক (চঃদাঃ)

ও

সভাপতি